গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ অধিদপ্তর**
পরিবেশ ভবন, ই/১৬ আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

০৮ /০৬/১৪৩১ বঙ্গাব্দ

স্মারক নং : ২২.০২.০০০০.০৮১.৮০.৪২.২২- ৯১৩ তারিখ : ----------------------------।

২৩ /০৯/২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ নিষিদ্ধ ঘোষিত পলিথিন/পলিপ্রপাইলিন শপিং ব্যাগ ব্যবহার বন্ধে গৃহীত বিশেষ প্রচারণা কার্যক্রমের রোডম্যাপ প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিবেশ সংরক্ষণ, পরিবেশগত মান উন্নয়ন ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও প্রশমনকল্পে "বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫" এর ৬ক (সংশোধিত-২০০২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার বিগত ২০০২ সালে পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ, বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বানিজ্যিক উদ্দেশ্যে পরিবহন, ব্যবহার কে সম্পূর্ণ নিষিদ্ধ করেছে। উক্ত আইনের ধারা ১৫ (৪) অনুযায়ী ধারা ৬ক লংঘনের দায়ে কারাদন্ড বা অর্থদন্ড বা উভয় দন্ডের বিধান রাখা হয়েছে। বাংলাদেশ সরকার কর্তৃক পলিথিন/পলিপ্রপাইলিন শপিং ব্যাগ ব্যবহার বন্ধে বিদ্যমান নিষেধাজ্ঞা আগামী ০১ অক্টোবর হতে দেশের সকল সুপারশপ ও অনুরূপ প্রতিষ্ঠানে এবং ০১ নভেম্বর হতে দেশব্যাপী কঠোরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। আরোপিত নিষেধাজ্ঞা কঠোরভাবে বাস্তবায়নে বিশেষ প্রচারণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রস্তুতকৃত রোডম্যাপটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ রোডম্যাপ ০৩ (তিন) পাতা।

২৩/৯/২০২৪

**ড. আবদুল হামিদ**
মহাপরিচালক
ফোনঃ ০২-২২২২১৮৫০০
e-mail: dg@doe.gov.bd

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। পরিচালক, প্রশাসন শাখা/ মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা/ বিভাগ/অঞ্চল/মহানগর কার্যালয়, পরিবেশ অধিদপ্তর।
২। উপপরিচালক/ সহকারী পরিচালক (জেলা প্রধান), জেলা কার্যালয়, পরিবেশ অধিদপ্তর।

অনুলিপিঃ
১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[ দৃ: আ: উপসচিব (পরিবেশ-৩ শাখা) এবং উপসচিব (পদূনী-১ শাখা), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়]

**বাংলাদেশ সরকার কর্তৃক পলিথিন/পলিপ্রপাইলিন শপিং ব্যাগ ব্যবহার বন্ধে আরোপিত নিষেধাজ্ঞা কঠোরভাবে বাস্তবায়নে (০১ অক্টোবর হতে সুপারশপে এবং ০১ নভেম্বর হতে দেশব্যাপী) গৃহীত বিশেষ প্রচারণা কার্যক্রম**

| কার্যালয় | কার্যক্রম | সময়সীমা | মন্তব্য |
|---|---|---|---|
| সদর দপ্তর-প্রচার শাখা | জাতীয় দৈনিক পত্রিকায় গণবিজ্ঞপ্তি প্রকাশ | ২৬ সেপ্টেম্বর, ২০২৪ | পরিবেশ অধিদপ্তরের প্রচার শাখা অর্থায়নে: রাজস্ব বাজেট এবং Integrated Approach towards Sustainable Plastics Use and Marine Litter Prevention in Bangladesh শীর্ষক প্রকল্প |
| | ফেসবুক ও ইউটিউবে পলিথিন শপিং ব্যাগ বিরোধী প্রচারণা বুস্টারিং | ২৮ সেপ্টেম্বর, ২০২৪ | পরিবেশ অধিদপ্তরের প্রচার শাখা |
| | সরকারী ওয়েব সাইটে গণবিজ্ঞপ্তির পপ-আপ প্রকাশের ব্যবস্থা গ্রহণ | ২৮ সেপ্টেম্বর, ২০২৪ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উদ্যোগে বিষয়টি সুসম্পন্ন করার যথাযথ উদ্যোগ গ্রহণ (সহযোগিতায় প্রচার শাখা) |
| সদর দপ্তর - বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা শাখা | দোকান মালিক সমিতির সাথে আলোচনা সভা করা | ২৫ সেপ্টেম্বর, ২০২৪ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নেতৃত্বে বিষয়টি সুসম্পন্ন করার যথাযথ উদ্যোগ গ্রহণ |
| | সুপারশপের মালিকগণের সাথে আলোচনা সভা করা | ২৫ সেপ্টেম্বর, ২০২৪ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নেতৃত্বে বিষয়টি সুসম্পন্ন করার যথাযথ উদ্যোগ গ্রহণ (সহযোগিতায় বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা শাখা) |
| | বিভাগীয় কমিশনার, পুলিশ কমিশনার ডিআইজি, জেলা প্রশাসক, পুলিশ সুপারগণের সাথে অনলাইনে বিশেষ সভা আয়োজন | ২৬ সেপ্টেম্বর, ২০২৪ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নেতৃত্বে বিষয়টি সুসম্পন্ন করার যথাযথ উদ্যোগ গ্রহণ (সহযোগিতায় বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা শাখা) |
| | জাতীয় পর্যায়ে ইলেক্ট্রনিক মিডিয়ার টিভি স্ক্রলে বিষয়টি অর্থায়ন ব্যতীত প্রচারের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ | ২৫ সেপ্টেম্বর, ২০২৪ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নেতৃত্বে বিষয়টি সুসম্পন্ন করার যথাযথ উদ্যোগ গ্রহণ (সহযোগিতায় বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা শাখা) |
| | জাতীয় পর্যায়ে কেবল টিভি নেটওয়ার্ক প্রভাইডার এসোসিয়েশন এবং এফ এম রেডিও তে বিষয়টি অর্থায়ন ব্যতীত প্রচারের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ | ১৫ অক্টোবর, ২০২৪ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নেতৃত্বে বিষয়টি সুসম্পন্ন করার যথাযথ উদ্যোগ গ্রহণ (সহযোগিতায় বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা শাখা)<br>শব্দ দূষণ এবং প্লাস্টিক দূষনের বিষয়ে একটি সভা করা যেতে পারে। |

| কার্যালয় | কার্যক্রম | সময়সীমা | মন্তব্য |
|---|---|---|---|
| | জাতীয় দৈনিকে যথাযথ গুরুত্বের সাথে সংবাদ টি প্রকাশের স্বার্থে ঢাকাস্থ বিশিষ্ট পরিবেশ সাংবাদিকগণের সাথে আলোচনা সভা আয়োজন | ২০ অক্টোবর, ২০২৪ | প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) এর নেতৃত্বে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উদ্যোগে বিষয়টি সুসম্পন্ন করার যথাযথ উদ্যোগ গ্রহণ (সহযোগিতায় বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা শাখা) |
| | ঢাকা মহানগরের ৬ টি কিচেন মার্কেটে বিশেষ জনসচেতনতামুলক সভা আয়োজন, পলিথিনের বিকল্প বিতরণ, বিন ও স্থায়ী সাইনবোর্ড স্থাপন এবং মনিটরিং কমিটি গঠন | ১-৩০ অক্টোবর, ২০২৪ | মহাপরিচালক কর্তৃক গঠিত ৬ টি কমিটি<br>সমন্বয়ে : বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা শাখা |
| | বাংলাদেশ সচিবালয়ের ৬ নং বিল্ডিং এ পলিথিন শপিং ব্যাগসহ অন্যান্য সিঙ্গেল ইউজ প্লাস্টিক বন্ধে জনসচেতনতামুলক বিশেষ কার্যক্রম গ্রহণ | ১-৩০ অক্টোবর, ২০২৪ | Integrated Approach towards Sustainable Plastics Use and Marine Litter Prevention in Bangladesh শীর্ষক প্রকল্প<br>সমন্বয়ে : বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা শাখা |
| সদর দপ্তর-মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা | বাজার মনিটরিং এবং এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ | ০১ অক্টোবর, ২০২৪ (সুপার শপ)<br>০১ নভেম্বর, ২০২৪ (সকল বাজারসমূহ) | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নেতৃত্বে সকল জেলা প্রশাসকের মাধ্যমে দেশ ব্যাপী বাজার মনিটরিং এবং প্রযোজ্যক্ষেত্রে এনফোর্সমেন্ট কার্যক্রম পরিচালনা করা। |
| পরিবেশ অধিদপ্তরের জেলা/মহানগর/অঞ্চল কার্যালয় সমূহ | জেলা পর্যায়ের স্থানীয় পত্রিকায় গণবিজ্ঞপ্তি প্রকাশ | ০১ অক্টোবর, ২০২৪ | সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের রাজস্ব বাজেট |
| | জেলা/মহানগর/অঞ্চল কার্যালয়ের প্রধান ফটকে পলিথিন শপিং ব্যাগ বিরোধী কাপড়ের ব্যানার/ড্রপ ডাউন ব্যানার স্থাপন। | ০১ অক্টোবর, ২০২৪ | |
| | জেলা প্রশাসকের কার্যালয়ের প্রধান ফটকে পলিথিন শপিং ব্যাগ বিরোধী কাপড়ের ড্রপ ডাউন ব্যানার স্থাপন। | ০১ অক্টোবর, ২০২৪ | |
| | জেলা সদর ও উপজেলা সদরের বাসিন্দাদের নিয়ে গঠিত লোকাল ফেসবুক গ্রুপে মেসেজ প্রদান | ১৫ অক্টোবর, ২০২৪ | |
| | জেলা তথ্য অফিসারের সমন্বয়ে এবং জেলা প্রশাসনের সহযোগিতায় স্থানীয় দৈনিক পত্রিকা এবং ডিস সংযোগে পরিবেশিত স্থানীয় ভিডিও | ২০ অক্টোবর, ২০২৪ | |

| কার্যালয় | কার্যক্রম | সময়সীমা | মন্তব্য |
| --- | --- | --- | --- |
| | চ্যানেলের মালিকগণের সাথে আলোচনা সভা আয়োজন | | সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের রাজস্ব বাজেট |
| | স্থানীয় সুপারশপ/সুপার মার্কেটের মালিকগণ, বাজার সমিতির মালিক সভাপতিগণ এবং কাঁচা বাজারের ব্যবসায়ী নেতৃবৃন্দের সাথে আলোচনা সভা আয়োজন করা। | ২০ অক্টোবর, ২০২৪ | |
| | স্থানীয় এনজিও/ শিক্ষা প্রতিষ্ঠান/বিএনসিসি/গার্লস গাইড/স্কাউটের সাথে এ বিষয়ে সভা আয়োজন করা। | ২০ অক্টোবর, ২০২৪ | |
| | পলিথিন শপিং ব্যাগ ব্যবহার বন্ধে নির্ধারিত সময়সীমার পর বাজার মনিটরিং কার্যক্রমসহ ভ্রাম্যমান আদালত পরিচালনার উদ্যোগ গ্রহণ | ০১ নভেম্বর, ২০২৪ | |